## এপ্রিল-২০২৪ মাসের জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোহাম্মদ সাইদুল আরীফ
জেলা প্রশাসক, কুড়িগ্রাম

সভার তারিখ : ৩০ এপ্রিল ২০২৪ খ্রিঃ
সভার সময় : বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, কুড়িগ্রাম
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর, সভার আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | ফ্রেন্ডশিপ, কুড়িগ্রাম, এর কার্যক্রম নিয়ে আলোচনা | সভায় ফ্রেন্ডশিপ, কুড়িগ্রাম সংস্থা কর্তৃক কুড়িগ্রাম সদর উপজেলায় পরিচালিত প্রকল্পসমূহের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে প্রতিষ্ঠানটির কার্যক্রম উপস্থাপন করেন। প্রকল্পটির মাধ্যমে শিক্ষা, স্বাস্থ্য ও দুর্যোগ-ঝুঁকিহ্রাস, নারী ও শিশু অধিকার রক্ষায় সচেতনতা বৃদ্ধি, বাল্যবিবাহ প্রতিরোধ, প্রতিবন্ধী নারী ও পুরুষের মাসব্যাপী প্রশিক্ষণ, সেলাই মেশিন চালনার প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা উন্নয়ন, বৃক্ষরোপন, জলবায়ু পরিবর্তনে প্রভাব মোকাবেলায় সহায়তা এবং সুবিধা বঞ্চিত মানুষকে কারিগরি ও আর্থিক সহায়তা প্রদান করা হয় মর্মে সভায় অবহিত করা হয়। বর্ণিত কার্যক্রমগুলো বাস্তবায়নে ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট এনজিও |
| ০২ | উপজেলা পর্যায়ে এনজিও বিষয়ক সমন্বয় সভার আয়োজন | সকল উপজেলায় প্রতি মাসে উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় সভা আয়োজন করতে হবে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারগণ তাদের এলাকায় কার্যক্রম পরিচালনাকারী এনজিওসমূহের তালিকা সংরক্ষণ করবেন এবং এনজিওসমূহ মাসিক সভায় তাদের কার্যক্রমের বিবরণ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে সরবরাহ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) কুড়িগ্রাম ও সকল এনজিও |
| ০৩ | 'সর্বজনীন পেনশন স্কিম' বাস্তবায়ন সংক্রান্ত | সরকার কর্তৃক গৃহীত 'সর্বজনীন পেনশন স্কিম' উদ্যোগ বাস্তবায়ন করার জন্য সকলকে একযোগে কাজ করতে হবে। সর্বজনীন পেনশন স্কিমের বাস্তবায়নের জন্য ব্যাপক প্রচার-প্রচারণা চালাতে হবে। এছাড়াও, কত জন উপকারভোগীকে 'সর্বজনীন পেনশন স্কিম' কার্যক্রমে অন্তর্ভূক্ত করা হয়েছে তার সংখ্যা অবহিত করতে হবে। | সকল এনজিও |
| ০৪ | জমি অনাবাদি না রাখার বিষয়ে জনসাধারণকে উদ্বুদ্ধকরণ ও সচেতনতামূলক প্রচারণা চালানো | এক ইঞ্চি জায়গাও যাতে অনাবাদি না থাকে এ বিষয়ে সমন্বিত পদক্ষেপ গ্রহণের ব্যাপারে সভায় আলোচনা করা হয়। শাক-সবজিসহ অন্যান্য ফসল উৎপাদন করার জন্য জনসাধারণকে উদ্বুদ্ধকরণ ও সচেতনতামূলক প্রচারণা চালানোর সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও, প্রতিটি এনজিওকে সুপারি গাছ রোপনের পদক্ষেপ নিতে হবে। | সকল এনজিও |
| ০৫ | সকল এনজিও কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ | সকল সংস্থাকে ওয়েব পোর্টাল থেকে জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার নোটিশ ও কার্যবিবরণী ডাউনলোডসহ নিজ সংস্থার কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত এড্রেসে (ই-মেইল: acgenkurigram@mopa.gov.bd) নিয়মিত প্রেরণ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল এনজিও |
| ০৬ | যৌতুক ও বাল্যবিবাহ বন্ধকরণসহ শিশুশ্রম নিরসন বিষয়ে সচেতনতামূলক প্রচারণা চালানো | এ জেলায় জনসাধারণের মাঝে যৌতুক ও বাল্যবিবাহ বন্ধকরণসহ শিশুশ্রম নিরসন বিষয়ে সচেতনতামূলক প্রচারণা চালানোর কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল এনজিও |
| ০৭ | এনজিওসমূহের নিয়োগ বিজ্ঞপ্তির বিষয়ে অবহিতকরণ | জেলায় এনজিও পরিচালিত প্রকল্পসমূহের বিভিন্ন স্তরে নিয়োগের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে আবশ্যিকভাবে জেলা প্রশাসনকে অবহিত করতে হবে। | সকল এনজিও |

চলমান পাতা-২

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৮ | শিশুর জন্ম নিবন্ধন এবং মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে ডিজিটাল সনদ তৈরির জন্য সচেতনতামূলক প্রচারণা চালানো | এ জেলায় সকল শিশুর জন্ম নিবন্ধন এবং মৃত ব্যক্তিদের মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে ডিজিটাল সনদ তৈরির জন্য জনসাধারণের মাঝে সচেতনতামূলক প্রচারণা চালানোর কার্যক্রম গ্রহণ করতে হবে। | সকল এনজিও |
| ০৯ | পরবর্তী সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন প্রসঙ্গে | সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রাম আগামী সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তাদের কার্যক্রম উপস্থাপন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। সংস্থা কর্তৃক সম্পাদিত বিভিন্ন প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্পসমূহ বাস্তবায়নে প্রতিবন্ধকতাসমূহ ও লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করার পরামর্শ প্রদান করা হয়। | ফ্রেন্ডশিপ, কুড়িগ্রাম |
| ১০ | এনজিও বিষয়ক সভায় সক্রিয় অংশগ্রহণ ও মনিটরিং | জেলা ও উপজেলায় এনজিও বিষয়ক সভায় সংশ্লিষ্ট সকল এনজিও নিয়মিত অংশগ্রহণ করবেন। জেলা ও উপজেলা থেকে এনজিওর সার্বিক কার্যক্রম আরো ফলপ্রসূ করার জন্য জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট সরকারি দপ্তরের কর্মকর্তাকে অবহিত ও তদারকির জন্য আহ্বান জানাতে হবে। | সকল এনজিও |
| ১১ | এনজিও প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ | সকল এনজিও তাদের প্রকল্পগুলো নিয়মানুযায়ী/নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন করবেন এবং প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবেন। | সকল এনজিও |

০২. পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি গৃহীত সিদ্ধান্তগুলো বাস্তবায়নে এবং এনজিওসমূহ কর্তৃক প্রদত্ত সেবা দৃশ্যমান ও জনবান্ধব করাসহ কুড়িগ্রাম জেলাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৭.৪৯০০.০০৩.০৮.০০১.২২- ২৬৭ তারিখ: ০২ জ্যেষ্ঠ ১৪৩১ / ১৬ মে ২০২৪

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম
৪. উপজেলা নির্বাহী অফিসার.................(সকল), কুড়িগ্রাম
৫. ..................................

১৬/০৫/২৪
(এম.শরীফ খান)
সহকারী কমিশনার
ও
সদস্য-সচিব
জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি, কুড়িগ্রাম

সংযুক্তি: ০১। এনজিও প্রতিষ্ঠানসমূহের মাসিক অগ্রগতি প্রতিবেদন।

| ক্রঃ নং | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ১. | ইএসডিও, কুড়িগ্রাম | ইএসডিও, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান সংস্থার তত্বাবধানে ০৯টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। প্রকল্পসমূহ হলো: ১. বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্পের ৩টি উপজেলায় ২৬টি ইউনিয়নে বিভিন্ন কাজ চলমান রয়েছে। ২. Provati GALS Project প্রকল্পের ৯টি উপজেলায় ৭৩টি ইউনিয়নে উপকারভোগী সংখ্যা ৪,৩২০ জন ও ২,৫৩৬ জন ৩. SEEDS (Socio Economic Empowerment with Dignity and Sustainability প্রকল্পের ৩টি উপজেলায় ০৯টি ইউনিয়নে উপকারভোগী পরিবার ৩,০০০ জন ৪. Gender Responsive School & Community Safety Initiative (GRSCSI) প্রকল্পের ১টি উপজেলায় ৩টি ইউনিয়নে উপকারভোগী সংখ্যা ১৪,৪২৮ জন ৫. Community Support Inclusive Equitable Education Across School in Kurigram প্রকল্পের কুড়িগ্রাম সদরের ৫টি ইউনিয়নে উপকারভোগী সংখ্যা ৫,৪৮০ জন ৬. Empowering Children throw Education (FCE) Project প্রকল্পের উপকারভোগী সংখ্যা ৮,৭২৭ জন ৭. Kurigram Dairy Value Chain Project প্রকল্পের উপকারভোগী সংখ্যা ১৩০ জন ৮. USAID's Community Nutrition and Health Activity (CNHA) ৩টি উপজেলার ২৮টি ইউনিয়নে তথ্য সংগ্রহ কার্যক্রম এবং ৯. MF (Micro Finance) ৩টি উপজেলায় ৯টি ইউনিয়নে উপকারভোগী সংখ্যা ১,৩৭২ জন অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ২. | **ফ্রেন্ডশিপ,** কুড়িগ্রাম | (১) ৭৯টি স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে বিভিন্ন চরের ৯,৮১৩ জনকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে (২) ১২০টি ইপিআই সেশনের মাধ্যমে ৩,৭২০ জন শিশু ও ৮৯৮ জন নারীকে সেবা দেওয়া হয়েছে (৩) ১৪২ জন দক্ষ মোবাইল হেলথ এফসিএম এর মাধ্যমে দুর্গম এলাকার রোগীদের আধুনিক প্রযুক্তি সেবা ও চিকিৎসা দেয়া হচ্ছে (৪) নিবিড় যোগাযোগের মাধ্যমে ২৪৯ জনকে ভায়া চেকআপ করা হয়েছে। (৫) ০৮ টি চরে থিয়েটার প্রদর্শনের মাধ্যমে জনসাধারণের মাঝে সচেতনতা বৃদ্ধি করা হয়েছে (৬) চলতি মাসে ২০ জন মহিলা শিক্ষার্থীদের মাঝে সরকারি যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষকদ্বারা বসত ভিটায় বস্তায় আদা চাষের উপর প্রশিক্ষণ দেয়া হয়। (৭) দরিদ্র কৃষিজীবিদেরকে আধুনিক প্রযুক্তির ব্যবহারে সহায়তা করা হচ্ছে (৮) তাঁত সেন্টার-৬টি, সেলাই প্রশিক্ষণ কেন্দ্র-২টি ও কৃষকদের জন্য এমব্রয়ডারী কেন্দ্র-১টি স্থাপন করা হয়েছে। এতে ১৩৫ জন নারীর কর্মসংস্থান ও সামাজিক মর্যাদা বৃদ্ধি পেয়েছে (৯) সোলার প্যানেল ব্যবহারে উদ্বুদ্ধ করা হয়েছে (১০) ৬টি ইউনিয়নে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে (১১) ২টি ইউনিয়নে দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রম শুরু করা হয়েছে (১২) দুর্যোগের ঝুঁকি হ্রাসে তারা কাজ করছেন এবং (১৩) কৃষি উৎপাদন বৃদ্ধিতে সহায়তা প্রদান করা হয়। |
| ৩. | সেন্টার ফর ডিজএবিলিটি ইন ডেভলপম্যান্ট- (সিডিডি) | সিডিডি, কুড়িগ্রাম প্রতিনিধি সভায় জানান যে, কুড়িগ্রাম সদর উপজেলার যাত্রাপুর ইউনিয়নে ১. প্রতিবন্ধিতা অন্তর্ভূক্তিমূলক দুর্যোগ ঝুঁকিহ্রাসে কার্যক্রম ২. সরকরি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের বিনামূল্যে মোবাইল ভ্যান স্বাস্থ্য ক্যাম্প। যাত্রাপুর ইউনিয়ন পরিষদে প্রতিবন্ধী ব্যক্তিদের সহায়তাকরণসহ ৩৬ জনকে থেরাপি দেওয়া হয়। ফিজিওথেরাপি ১৭ জন, অকুপেশনাল থেরাপি ১০ জন, স্পীচ এন্ড ল্যাংগুয়েজ থেরাপি ৯ জন ৩. ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা ৯টি ৪. যাত্রাপুর ইউনিয়নে প্রতিবন্ধী ব্যক্তিদের স্ব-সহায়ক দলের ৩টি সভা করা হয় । এছাড়াও, চাকেন্দা খানপাড়া উচ্চ বিদ্যালয়, যাত্রাপুরে বিভিন্ন দিবস উদ্‌যাপন করা হয়। |
| ৪. | লেপ্রা, বাংলাদেশ কুড়িগ্রাম | লেপ্রা, বাংলাদেশ এর মনিটরিং অফিসার সভায় জানান তারা নতুন কুষ্ঠ রোগী সনাক্তকরণ, পুরাতন রোগী ফলোআপ ক্লিনিক পরিদর্শন করে থাকেন। এছাড়াও, রাজারহাট, রৌমারী উপজেলায় বিভিন্ন প্রশিক্ষণ প্রদান কার্যক্রম, দক্ষতা বৃদ্ধি, জনগণের মধ্যে সচেতনামূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। চিলমারী, উলিপুর, রাজারহাট, কুড়িগ্রাম সদর, ভূরুঙ্গামারী, ফুলবাড়ী, ও নাগেশ্বরী উপজেলায় ৪০ জন কুষ্ঠ ও গোদ আক্রান্ত রোগীদের নিয়ে self-care training আয়োজন করা হয়। তাদের প্রত্যেককে বালতি/গামলা, মগ, গামছা, রুমাল, সাবান, এন্টি ফাংগাল ক্রিম, ভেসলিন ও যাতায়াত খরচ প্রদান করা হয়। উলিপুর, নাগেশ্বরী, ভূরুঙ্গামারী ও ফুলবাড়ী উপজেলায় মোট ৮০ জন কুষ্ঠ ও গোদ আক্রান্ত রোগীকে বাড়ীতে গিয়ে ফলো-আপ প্রদান করা হয়। |
| ৫. | গুড নেইবারস বাংলাদেশ কুড়িগ্রাম সিডিপি | গুড নেইবারস বাংলাদেশ, কুড়িগ্রাম এর প্রতিনিধি জানান দীর্ঘদিন যাবত বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন কার্যক্রম যেমন: শিশু উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য ও শিশু অধিকার, সংক্রান্ত কর্মকান্ড; নারী উন্নয়ন, সমবায়ভিত্তিক আয়বৃদ্ধি এবং প্রজনন স্বাস্থ্য ও স্বাস্থ্য ও নারী উন্নয়ন, যুব উন্নয়ন, স্থানীয় যুবকদের কর্মমুখী শিক্ষা ও স্থানীয় স্বেচ্ছা সেবা কার্যক্রম এবং দুর্যোগ সক্ষমতা বৃদ্ধি কার্যক্রম পরিচালনা করে আসছে। বাস্তবায়িত প্রকল্পের নাম শিক্ষা ও সুরক্ষা, স্বাস্থ্য কার্যক্রম, আয় বৃদ্ধিমূলক কার্যক্রম, কমিউনিটি পার্টনারশিপ ও নেটওয়ার্কিং, এ্যাডভোকেসি, পরিবেশ সুরক্ষা, জরুরী খাদ্য সহায়তা, দুর্যোগ সক্ষমতাবৃদ্ধি প্রকল্প, এছাড়াও ডব্লিউএফপি এর সাথে পার্টনারশিপে উক্ত কর্ম এলাকায় Building Resilience to Achieve Zero Hunger প্রকল্পের মাধ্যমে বিভিন্ন আইজিএ কার্যক্রম এবং দুর্যোগ মোকাবেলায় ব্যবস্থাপনা ও উন্নয়নে কাজ করা হয়। |

| | | |
|---|---|---|
| ৬. | উদয়াঙ্কুর সেবা সংস্থা (ইউএসএস), কুড়িগ্রাম | উদয়াঙ্কুর সেবা সংস্থা (ইউএসএস), কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান ইউএসএস একটি বেসরকারি স্বেচ্ছাসেবী সামাজিক উন্নয়ন সংস্থা। বর্ণিত প্রকল্পের আওতায় চলতি মাসে (১) যুব নারীদের ক্ষমতায়ন ত্বরান্বিত করতে অভিভাবকদের সাথে কন্সাল্টেশন সেশন হয়েছে ১টি, (২) ক্লাইমেট জাস্টিস এন্ড পাবলিক পলিসি টুলস বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে ২৫ জন, (৩) এ্যাডাপ্টেশন এন্ড মিটিগেশন বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করছে ২৫ জন, (৪) পলিথিনের ব্যবহার কমানো এবং বর্জ্য-ব্যবস্থাপনা বিষয়ে বণিক সমিতির সাথে মতবিনিময় সভা ১টি, (৫) যুবদের উন্নয়নে এজেন্ডা বাস্তবায়নে সভা ১টি, (৬) জলবায়ু বিষয়ক নেটওয়ার্ক গঠন করা হয়েছে ১টি এবং (৭) ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে ১টি। |
| ৭. | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল বাংলাদেশ | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান রিকোভার ইন ডিগনিটি প্রজেক্ট কুড়িগ্রাম সদর ও উলিপুর উপজেলায় সংস্থাটির কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। প্রকল্পটির মাধ্যমে অতিদরিদ্র ও দরিদ্র প্রতিবন্ধী পরিবারব্যক্তিদের জীবনযাত্রার মান উন্নতকরণ এবং বিভিন্ন কাজের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা অর্জন করতে পারে সে লক্ষ্যে কার্যক্রম গ্রহণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উপকারভোগী পরিবারকে বিভিন্ন বিষয়ে সহায়তা প্রদান করা হয়েছে। প্রতিবন্ধীকে চিকিৎসা সহায়তা এবং উপকারভোগী প্রতিবন্ধী ব্যক্তি এবং তাদের পরিবারকে কাউন্সেলিং সহায়তা প্রদান করা হয়েছে। |
| ৮. | সেন্টার ফর সোস্যাল ডেভলপম্যান্ট- (সিএসডিকে) | সিএসডিকে, কুড়িগ্রাম প্রতিনিধি সভায় জানান যে, কুড়িগ্রাম জেলার ৬টি উপজেলায় বিভিন্ন প্রকল্পের সহযোগিতায় আউট অব স্কুল এডুকেশন প্রোগ্রামে, প্রত্যক্ষ উপকারভোগীর সংখ্যা ৪,২০০ জন, দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচি, প্রত্যক্ষ উপকারভোগীর সংখ্যা ২,১৯৫ জন, প্রাথমিক চিকিৎসা ও বিনামূল্যে ঔষুধ বিতরণ প্রোগ্রাম প্রত্যক্ষ উপকারভোগীর সংখ্যা ২৬,০০০ জন। ভালনারেবল উইমেন বেনিফিট উপকারভোগীর সংখ্যা ২,৪৩৬ জন, ঈদ সামগ্রী ও ছাগল বিতরণ কর্মসূচির আওতায় ১১০টি হতদরিদ্র পরিবারের মাঝে বিতরণ করা হয়। |
| ৯. | বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রাম | বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান (১) বাল্য বিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ বিষয়ে মতবিনিময় সভা, (২) পারিবারিক সহিংসতা প্রতিরোধ সুরক্ষা আইন ২০১০ বিষয়ে আলোচনা সভা, (৩) উঠান বৈঠক কর্মী সভা, (৪) তরুণ-তরুণীদের নিয়ে মাসিক পাঠচক্র, (৫) সালিশ বৈঠক, (৬) তরুণী সংগঠকদের নিয়ে প্যারা লিগ্যাল প্রশিক্ষণ প্রদান করা হয়। |
| ১০. | ব্র্যাক, কুড়িগ্রাম | ব্র্যাক, কুড়িগ্রামের জেলা সমন্বয়কারী চলমান প্রকল্পসমূহের কর্মসূচির চিত্র সভায় উপস্থাপন করেন। প্রকল্পসমূহ হলো: (১) মাইক্রোফাইন্যান্স কর্মসূচি (২) ব্র্যাক শিক্ষা কর্মসূচি (৩) ব্র্যাক স্বাস্থ্য কর্মসূচি (৪) সামাজিক ক্ষমতায়ন আইন সুরক্ষা কর্মসূচি (৫) অতিদরিদ্র কর্মসূচি (৬) জেন্ডার জাস্টিস এন্ড ডাইভারসিটি কর্মসূচি এবং (৭) এসডিপি কর্মসূচি। প্রকল্পগুলোর কার্যক্রম বিভিন্ন উপজেলায় বাস্তবায়ন অব্যাহত রয়েছে। |
| ১১. | ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রাম | ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান সংস্থাটি কুড়িগ্রাম জেলার হতদরিদ্র ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জন্য কাজ করে আসছে। এ জেলার রাজারহাট, উলিপুর, রৌমারী, চর রাজিবপুর, ভূরুঙ্গামারী ও চিলমারী ৬টি উপজেলায় তাদের কার্যক্রম চলমান। প্রকল্পসমূহ হলো: (১) সেন্টার ফর সোস্যাল ডেভেলপমেন্ট কুড়িগ্রাম (CSDK) (২) সোসাইটি ফর পিপলস ইনিসিয়েটিভস (SPI) এবং (৩) রংপুর হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (RHRDF) প্রকল্প চলমান রয়েছে। প্রকল্পের উপকারভোগীর সংখ্যা ১২,৬০০ জন, শিখন কেন্দ্রের সংখ্যা ৪২০টি, বই বিতরণ ১২,৬০০ সেট, শিক্ষক ও সুপারভাইজার সহায়িকা ৪৫০ সেট, বেজলাইন ডাটা এন্ট্রি ওরিয়েন্টেশন ২টি, উঠান বৈঠক ২০টি এবং ৬টি উপজেলায় সচেতনতামূলক মাইকিং করা হয়েছে। |
| ১২. | মানসিকা, কুড়িগ্রাম | মানসিকা সংস্থা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম সদর উপজেলায় প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুশাসন নিশ্চিতকরণের সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের মাধ্যমে ২,৫০ জন উপকারভোগীর মাঝে কার্যক্রম চলমান রয়েছে। |
| ১৩. | এইড কুমিল্লা, কুড়িগ্রাম | এইড কুমিল্লা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম জেলায় চিলমারী ও নাগেশ্বরী উপজেলায় প্রত্যক্ষ ২,৫৩,১২৫ জন নারী ও কিশোরীকে সেবা প্রদান করা হয়। এছাড়াও, সংস্থাটির অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করে আসছে। |
| ১৪. | আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রাম | আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম জেলায় ০৪টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। (১) 'চাইল্ড নট ব্রাইড' প্রকল্পের অধীনে ইউনিয়ন পরিষদের সাথে যোগাযোগ ও বাল্য বিবাহ প্রতিরোধ কমিটির সভায় যোগদান, যুবফোরাম পুনর্গঠন, চ্যাম্পিয়ান ফাদার ও সিবিসিপিসি সদস্যদের সাথে যোগাযোগ করা হচ্ছে। এছাড়াও কাজী, ইমাম, পুরোহিত, স্কুল ও ক্লাবের সাথে যোগাযোগ করা হচ্ছে, (২) কোর কম্প্রিহেনসিভ প্রোগ্রাম, (৩) ট্রান্স বাউন্ডারি ফ্লাড রেজিলেন্স প্রজেক্ট ইন সাউথ এশিয়া প্রকল্প এবং (৪) স্কুল ফিডিং প্রকল্প কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আরডিআরএস, বাংলাদেশ শিক্ষা বিস্তারে ভূমিকা পালনের জন্য কর্ম-পরিকল্পনা গ্রহণের উদ্যোগ নিয়েছে মর্মে সভায় জানানো হয়। |

| | | |
|---|---|---|
| ১৫. | ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রাম | ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম জেলার ১০৮৩টি পরিবারের মাঝে দারিদ্র বিমোচন এবং জীবন যাত্রার মানোন্নয়নে দারিদ্র জনগোষ্ঠীকে স্বাবলম্বী করার লক্ষ্যে ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করা হয়। এছাড়াও সুবিধা বঞ্চিত মানুষের নিরাপদ ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কৃষিভিত্তিক প্রশিক্ষণ প্রদান, চলতি মাসে ২টি পরিবারের মাঝে ২০ সেট স্মার্ট ফোন প্রদান করা হয়। |
| ১৬. | টিডিএইচ ইটালি, কুড়িগ্রাম | টেরেডেস হোমস ফাউন্ডেশন ইটালি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় চিলড্রেন এডভ্যান্সমেন্ট প্রজেক্ট (ক্যাপ) জেলা প্রকল্পের কার্যক্রমের ধরণ: ক) স্পনসরশীপ সহায়তা প্রকল্প (প্রাথমিক বিদ্যালয়), ও খ) স্পনসরশীপ সহায়তা প্রকল্প (প্রাথমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান) (১) কুড়িগ্রাম সদর ও চিলমারী উপজেলার অন্তর্গত বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে দুঃস্থ পরিবারের অধ্যায়নরত মোট ৯৭ জন শিক্ষার্থীকে শিক্ষা সহায়তা যেমন- সাদা কাগজ, কলম, খাতা (বাংলা , ইংরেজী, অংক ও ড্রইং) এবং অন্যান্য শিক্ষা উপকরণ প্রদান করা হয়েছে, (২) কুড়িগ্রাম সদর ও চিলমারী উপজেলার অন্তর্গত বিভিন্ন সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে এবং মহাবিদ্যালয়ে দুঃস্থ পরিবারের অধ্যায়নরত ১০৯ জন কিশোরি এবং ৬৫ জন কিশোর মোট ১৭৪ জনকে শিক্ষা সহায়তা যেমন- খাতা ও কলমসহ অন্যান্য শিক্ষা উপকরণ প্রদান করা হয়েছে, (৩) স্পনসরশিপ কর্মসূচির অধীন সকল শিক্ষার্থী ও অভিভাবককে নিয়ে মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে, (৪) কুড়িগ্রাম জেলার অন্তর্গত চিলমারী উপজেলায় একটি এবং কুড়িগ্রাম পৌরসভায় একটি মোট ২টি কিশোর-কিশোরি ক্লাবের কার্যক্রম অব্যাহত রয়েছে। উক্ত কার্যক্রমের মধ্যে রয়েছে জীবন দক্ষতামূলক প্রশিক্ষণ, বই পড়া, দৈনিক পত্রিকা পড়া, খেলাধুলা ও আলোচনা, (৫) ১ম শ্রেণির শিশুদেরসহ পাঠ্যক্রমের ক্লাস সপ্তাহে দুই দিন পরিচালনা অব্যাহত রয়েছে। |
| ১৭. | কেয়ার বাংলাদেশ, কুড়িগ্রাম | কেয়ার বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি জানান সংস্থার ৪টি প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পসমূহ: ১) কেয়ার বাংলাদেশ সুফল-২, উলিপুর ও চিলমারী উপজেলার ৭টি ইউনিয়নে মিডলাইন সার্ভের জন্য কেআইআই, এফজিডি ও হাউজহোল্ড সার্ভে করা হয়। বিভিন্ন দিবস পালন করাসহ বন্যা প্রস্তুতি জন্য প্রকল্প এলাকায় ৪০টি ল্যাট্রিন স্থাপন, ৪০টি নলকূপের গোড়া পাকা করণ ও ৮টি স্থানে মাঠ উঁচুকরণ এবং বন্যাকালীন গবাদি প্রাণির অস্থায়ী আশ্রয় স্থল স্থাপনে তাবু ও বাঁশ হস্তান্তর করা হয়েছে। এছাড়াও, ২৬টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে যোগাযোগ করা হয়েছে। ১০৩টি কমিউনিটি ক্লিনিক ও সিএইচসিপির সঙ্গে যোগাযোগ করা হয়েছে। ২টি স্বাস্থ্য বিভাগের উপজেলা পর্যায়ে সিএইচসিপিদের সাথে মাসিক সমন্বয় সভা করা হয়েছে। ১২টি কমিউনিটি ক্লিনিক ডে উদ্যাপন করা হয়। সংস্থাটির অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ১৮. | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) উলিপুর, কুড়িগ্রাম | মহিদেব যুব সমাজকল্যাণ সমিতি (এমজেএসকেএস) এর প্রতিনিধি সংস্থার চলমান প্রকল্পসমূহের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন সংস্থাটি বিভিন্ন দাতা গোষ্ঠির সহায়তায় কুড়িগ্রাম জেলার বিভিন্ন উপজেলায় উল্লিখিত প্রকল্পসমূহ বাস্তবায়ন করছে যেমন; ১) মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দ্যা চরস (M4C) ফেইজ-III, ২) সৌহার্দ্য III Plus এক্টিভিটি, ৩) সৌহার্দ্য III DRR এক্টিভিটি, ৪) স্ট্রেংদেনিং হাউজহোল্ড অপর্চুনিটি থ্রো ইওথ ইনগেজমেন্ট, ৫) কমব্যাটিং ইমপ্যাক্টস অফ ক্লাইমেট চেঞ্জ ইন সিভিয়ারলি এ্যাফেক্টেড এরিয়াস অফ বাংলাদেশ (টেকসই) প্রজেক্ট, ৬) স্পন্সরশীপ প্রোগ্রাম, ৭) এনআরকে টেলিথন-চাইল্ড নট ব্রাইড (CNB) প্রজেক্ট, ০৮) ইকুইটেবল একসেস অব রেজিলিয়েন্স লাইফ (EARL) প্রজেক্ট, ৯) কমিউনিটি বেজড রেজিলিয়েন্স, ওমেন ইমপাওয়ারমেন্ট এন্ড একশন (CREA) প্রজেক্ট, ১০) ইমপাওয়ার গার্লস থ্রো ইডুকেশন এন্ড স্কিল, ১১) এলনিনো এনটিসিপেটরী একশনস টু ড্রট এন্ড হিট ওয়েভ ইন বাংলাদেশ প্রজেক্ট। সংস্থা কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমূহের নাগেশ্বরী উপজেলার কালীগঞ্জ ইউনিয়নের শাল মারা দাখিল মাদ্রাসার শিক্ষার্থীদের নিরাপদ স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণের উদ্দেশ্যে একটি ওয়াশ ব্লক স্থাপনার কাজ সমাপ্ত করা হয়, ঝড়ে পড়া মোট ১৫৭ জন শিক্ষার্থীকে বিনা মূল্যে ২০ টি বিকল্প কেন্দ্রের মাধ্যমে নিয়মিত পাঠদান করা হচ্ছে। সংস্থার ৮০ টি শিশু বিকাশ কেন্দ্রে ১২৮৫ জন শিশুকে গল্প বলা ও ছড়ার মাধ্যমে প্রাক-প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগি করে গড়ে তোলার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। ৯৫ জন যুবকে (নারী-২৮, পুরুষ-৬৭) কারিগরী দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তিনটি মাধ্যমিক বিদ্যালয়ের ১৫০ জন শিক্ষার্থীকে (ছাত্র-ছাত্রী) নিয়ে ব্যক্তিগত স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য ওরিয়েন্টেশন এবং ৭৫ জন শিক্ষার্থীকে নিয়ে স্বল্প খরচে স্যানিটারী প্যাড তৈরী এবং প্রজনন স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য ক্যাম্পেইন করা হয়েছে। এছাড়া বসত বাড়িতে সব্জি চাষ প্রদর্শনী বিষয়ে ২১৭ জন নারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |

| | | |
|---|---|---|
| ১৯. | টেরেডেস্ হোমস্ ফাউন্ডেশন, হাসপাতাল রোড, কুড়িগ্রাম | টেরেডেস্ হোমস্ ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম সদর ও চিলমারী উপজেলায় বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রাথমিক দিব্যালয়ে দুঃস্থ পরিবারের অধ্যায়নরত ৯৭ জনকে শিক্ষা সহায়তা (কাগজ, কলম, রাবার, খাতাসহ অন্যান্য) উপকরণ প্রদান করা হয়। কুড়িগ্রাম সদর ও চিলমারী উপজেলায় বিভিন্ন সরকারি ও বেসরকারি মাধ্যমিক দিব্যালয়ে দুঃস্থ পরিবারের অধ্যায়নরত ১০৯ জন কিশোরী এবং ৬৫ জন কিশোর মোট ১৭৪ জনকে শিক্ষা সহায়তা (কাগজ, কলম, রাবার, খাতাসহ অন্যান্য) উপকরণ প্রদান করা হয়। সকল শিক্ষার্থী ও অভিভাবকগণকে নিয়ে মাসিক সভায় বাল্যবিবাহের কুফল ও বাল্য বিবাহ প্রতিরোধের গুরুত্ব নিয়ে আলোচনা হয়। |
| ২০. | ওয়ার্ল্ড কনসার্ন বাংলাদেশ | ওয়ার্ল্ড কনসার্ন বাংলাদেশ প্রজেক্ট ম্যানেজার সভায় তাদের সংস্থার কার্যক্রম উপস্থাপন করেন। প্রত্যাশা (প্রোটেকটিং ওম্যান এন্ড চিল্ড্রেন ফ্রম এবিউজ থ্রো সেল্প-হেল্প এপ্রোচ) চিলমারী উপজেলার থানাহাট, রমনা ও রানীগঞ্জ ইউনিয়নে কার্যক্রম চলমান রয়েছে। (১) ৩০টি দলে ৫৫৬ জন আত্মসহায়ক দলের সদস্যকে লক্ষ্য নির্ধারণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়, (২) ৩টি আত্মসহায়ক দলের ৬০ জনকে সদস্যকে মনিটরিং ও রিপোটিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। ০৮টি কশোরী দলে ১৫৬ জন কিশোরিকে নিয়ে প্রাথমিক চিকিৎসা ও স্বাস্থ্য সচেতনতা বিষয় প্রশিক্ষণ প্রদান করা হয়। শিশু পাচার ও শিশু শ্রম কুফল নিয়ে আলোচনা করা এবং ০৮টি কিশোরী দলে ১৬৭ জন কিশোরীকে শিশু অধিকার বিষয়ে ধারণা দেওয়া হয়। |
| ২১. | ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি), কুড়িগ্রাম | ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি), কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে জেলায় ৪টি প্রকল্পের মাধ্যমে উলিপুর, চিলমারী, রৌমারী ও চর রাজিবপুর উপজেলায় (১) ইনটিগ্রেটেড রিষ্ক ম্যানেজম্যান্ট প্রকল্পের মাধ্যমে ৩,৯৫১ জন উপকারভোগীর মাঝে কার্যক্রম পরিচালনা করা হয়। (২) এনডিপি এমফোরসি প্রকল্পের মাধ্যমে ৮,০০০ জন প্রত্যক্ষ উপকারভোগীর মাঝে কার্যক্রম পরিচালনা করা হয় এবং (৩) এক্সটেন্ডেড কমিউনিটি ক্লাইমেট চেঞ্জ প্রজেক্ট-ফ্লাড প্রকল্পের মাধ্যমে প্রত্যক্ষ ১৫,৩০০ জন উপকারভোগীর মাঝে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। |
| ২২. | গরীব উন্নয়ন সংস্থা, কুড়িগ্রাম | গরীব উন্নয়ন সংস্থা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান গরীব উন্নয়ন সংস্থা (জি,ইউ,এস) দীর্ঘদিন যাবৎ অত্র জেলায় বিভিন্ন উপজেলায় দুর্যোগ ঝুঁকিহ্রাস ব্যবস্থাপনা, জরুরি ত্রান ও পুর্নবাসন ও জীবনমান উন্নয়নে প্রশাসনের সহযোগীতায় কাজ করে যাচ্ছে। গরীব উন্নয়ন সংস্থা (জি,ইউ,এস) বর্তমানে কুড়িগ্রাম, রংপুর, গাইবান্ধা ও জামালপুর জেলায় বিভিন্ন উপজেলায়, জলবায়ু পরিবর্তন, দুর্যোগ ঝুঁকিহ্রাস, ত্রান সহায়তা, পুর্নবাসন, জীবনযাত্রার মানোন্নয়নের মাধ্যমে টেকসই সমাজ উন্নয়ন, স্বাস্থ্য ও পুষ্টি, পানি ও পয়নিস্কাশন, রমজানে খাদ্য বিতরণ, মাংস বিতরণ, শীতবস্ত্র বিতরণ, শিক্ষা, কৃষি, এ্যাডভোকেসিসহ বিভিন্ন কর্মসুচি সরকারি নিয়মনীতি ও কোর হিউম্যানিটারিয়ান স্টাডার্ড অনুযায়ী সু-নামের সাথে বাস্তবায়ন করে আসছে। |
| ২৩. | সাজেদা ফাউন্ডেশন, কুড়িগ্রাম | সাজেদা ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ ব্যবস্থাপনা মাধ্যমে চিলমারী উপজেলায় অষ্টমীর চর ইউনিয়নের ০৮ টি চরে ০৮টি গ্রুপের ২৮০ জন উপকারভোগীকে ০২টি করে জীবিকায়ন উপকরণদ্বারা স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির জন্য উঠান বৈঠক করা হয়। ৬৮ জনের মাঝে ১১ ধরণের সবজির বীজ ও ০২ টি করে ফেরোমন ট্রাপের কিউলিয়র প্রদান করা হয়। ০২টি স্ট্যাটিক ক্লিনিকের মাধ্যমে ৮০টি পরিবারের মানুষকে বিনামূল্যে স্বাস্থ্য সেবা এবং ঔষধ প্রদান করা হয়। এছাড়াও, প্রতিটি গ্রুপে মানসিক স্বাস্থ্য নিয়ে সচেতনতা বৃদ্ধি ও পরামর্শ প্রদান করা হয়। |
| ২৪. | কেডিএবি, কুড়িগ্রাম | কেডিএবি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান বর্তমানে কেডিএবি-কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট কার্যক্রম উলিপুর ও চিলমারী উপজেলায় চলমান রয়েছে। একটি প্রাথমিক বিদ্যালয়ে ২৪০ জন ও একটি মাধ্যমিক বিদ্যালয়ে ২৬১ জন শিক্ষার্থীদের দেশী/বিদেশী শিক্ষকদ্বারা পরিচালিত হচ্ছে। ২০টি কম্পিউটার বিশিষ্ট ল্যাবে মাল্টিমিডিয়া সিস্টেমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। কুষ্ঠরোগী পুনর্বাসনের ব্যবস্থা করা হচ্ছে। দুঃস্থ ও গরীব পরিবারের সন্তানদের জন্য মানসম্মত প্রাথমিক ও নিম্নমাধ্যমিক শিক্ষা ব্যবস্থা চালু রয়েছে। কুষ্ঠরোগীসহ এলাকার বেকার যুবক-যুবতীদেরকে পোল্ট্রি, ফিসারী, গরু মোটাতাজাকরণ, ছাগল পালন, কৃষি ও মানসিক উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এছাড়াও, সাদার চিকিৎসা সেবা ২০০ জন ও দন্ত চিকিৎসা প্রদান করা হয়। |
| ২৫. | টিএমএসএস, কুড়িগ্রাম | টিএমএসএস, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে বর্তমানে কুড়িগ্রাম জেলায় ১৬টি প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। যুবদের দক্ষতা বৃদ্ধিতে সভা অনুষ্ঠিত হয়েছে। স্বাস্থ্য বিষয়ক সচেতনতা ও বাল্য বিবাহ প্রতিরোধ, রাজিবপুর উপজেলায় টিআর/কাবিখা কার্যক্রম চলমান আছে। নাগেশ্বরী উপজেলার পয়রাডাঙ্গা বাজারে 'টিএমএসএম সাহেরা ওয়াসেক' হাসপাতাল চালু করা হয়েছে। অতিদরিদ্র ১০ লক্ষ মানুষের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে দারিদ্র বিমোচন ও টেকসহ উন্নয়ন। সক্ষমতা বৃদ্ধি ও অর্থনৈতিক উন্নতি ত্বরান্বিত করতে প্রয়োজনীয় সরকারি ও বেসরকারি সেবা প্রাপ্তি নিশ্চিতকরণে প্রাতিষ্ঠানিক ও পদ্ধতিগত কাঠামো জোরদার করতে সহযোগিতা প্রদান করা। |

| | | |
|---|---|---|
| ২৬. | গণউন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রাম | গণউন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় চলমান প্রকল্পসমূহের অগ্রগতি নিম্নরূপভাবে উপস্থাপন করেন। (১) Gender Transformati ve Climate Resilint Microfinance project, (২) Climate Risk Insurance (CRI) বর্ণিত সংস্থার মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক দাতা সংস্থার মাধ্যমে দারিদ্র বিমোচন, নারীর ক্ষমতায়ন, শিক্ষার উন্নয়ন, দুর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তন, পরিবেশ সুরক্ষা, প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়ন, যুবকদের কারিগরি প্রশিক্ষণ ও কর্মসংস্থান সৃষ্টি, ক্ষুদ্রঋণ কার্যক্রমসহ নানামূখী উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন চলমান রয়েছে। |
| ২৭. | কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রাম | কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান মরিয়ম চক্ষু হাসপাতালের লক্ষ্য বঞ্চিত, অবহেলিত, হত দরিদ্র জনগোষ্ঠীর কল্যাণ সাধন করা। বর্ণিত সংস্থাটি ০৩টি প্রকল্পের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে থাকে। মরিয়ম চক্ষু হাসপাতালে মার্চ মাসে ২,৯৯৭ জন রোগীর চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ৩৭৬ জনের চোখের ছানি অপারেশন (কৃত্রিম লেন্সসহ) ০১ জনের সাধারণ অপারেশন, ৮৯ জন সাধারণ দরিদ্র ছানি অপারেশন (কৃত্রিম লেন্সসহ) করা হয়েছে। ৮৪ জন ধনী রোগীর ছানি অপারেশন (কৃত্রিম লেন্সসহ) সম্পন্ন করা হয়েছে। ২,৪৬৪ জনের চশমা পরীক্ষা, ৩৬৪ জনকে ফ্রি চশমা বিতরণ করা হয়েছে। ১৬ জন গর্ভবতী মায়ের রেজিস্ট্রেশন, ৬০ জন গর্ভবতী মায়ের চেক-আপ, ১০৭ জন মায়ের নিরাপদ প্রসব, ৩০ জন মায়ের সি-সেকশন সম্পন্ন করা হয়েছে। ০৬ জন গর্ভবতী মাকে টিটি টিকা ও ৬৮ জন শিশুকে ইপিআই টিকা প্রদান এবং ১০৫ জন নবজাতকের রেজিস্ট্রেশন সম্পন্ন করা হয়েছে। |

২৬/০৫/২৪
(এম. শরীফ খান)
সহকারী কমিশনার
সাধারণ শাখা
ফোন নং-০২৫৮৯৯৫০০৪৪
ই-মেইল: acgenkurigram@mopa.gov.bd